

সংবাদ বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রীকে নোবিপ্রবি
পরিবারের প্রাণঢালা অভিনন্দন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় লাভ করায় আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃপক্ষ। সোমবার (০৮ জানুয়ারি ২০২৪) বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর মাননীয় প্রধানমন্ত্রীকে প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

অভিনন্দন বার্তায় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম বলেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বঙ্গবন্ধুতনয়া জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ বিশাল জয় লাভ করেছে। এই বিজয়ের মাধ্যমে দেশের মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছে। মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা, অভিবাদন ও অভিনন্দন জানাই।

মাননীয় উপাচার্য আরো বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার সুযোগ্য কন্যা দেশরত্ন শেখ হাসিনার মধ্যে একটি বড় মিল হলো- তাদের দুজনই জনগণকে যে কথা দেন, তা রাখেন; যে স্বপ্ন দেখান, তা বাস্তবে রূপ দেন। বঙ্গবন্ধু স্বাধীন ভূখণ্ডের স্বপ্ন দেখিয়েছেন এবং তা আমাদের উপহার দিয়ে গেছেন। জাতির পিতার তনয়াও ডিজিটাল বাংলাদেশ, পদ্মা সেতু, মেট্রোরেলসহ যত অঙ্গীকার এ দেশের মানুষকে দিয়েছেন- এর সবই এখন দৃশ্যমান। শিক্ষা, স্বাস্থ্য, তথ্যপ্রযুক্তি থেকে শুরু করে কৃষি, যোগাযোগ অবকাঠামোসহ এমন কোনো খাত নেই, যেখানে বঙ্গবন্ধুকন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ছোঁয়া লাগেনি।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী বলেন, জাতিসংঘসহ পশ্চিমা বিশ্বের প্রত্যাশা ছিল বাংলাদেশে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত হবে। আমরা গত ৭ জানুয়ারি উৎসবমুখর ও শান্তিপূর্ণ পরিবেশে দলীয় সরকারের অধীন একটি সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠিত হতে দেখেছি। বিদেশী পর্যবেক্ষকগণও তাদের আশানুরূপ নির্বাচন দেখতে পেয়ে সন্তোষ প্রকাশ করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রমাণ করেছেন, দলীয় সরকারের অধীনে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন সম্ভব। আমরা তাকে বিজয়ের শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, মুক্তির মহানায়ক, স্বাধীনতা নামক মহাকাব্যের অমর কবি, বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রক্ত, রাজনীতি ও আদর্শের উত্তরাধিকার জননেত্রী দেশরত্ন শেখ হাসিনা।

১৯৯৬ সালের ১২ জুনের জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের বিজয়ের মধ্য দিয়ে শেখ হাসিনা প্রথমবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হন। এরপর ২০০৯ সালে রাষ্ট্রক্ষমতায় আসার পর টানা তিনবার বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে সফলতার সঙ্গে দেশ পরিচালনা করে আওয়ামী লীগ। গত ৭ জানুয়ারি, ২০২৪ বাংলাদেশের আপামর জনগণ আরো একবার জননেত্রী শেখ হাসিনার ওপর আস্থা রেখেছেন। মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানাই।



রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

